



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

Office of the GM (ICT/ Technical)
ICT, Energy & Metering
House # 47, Road # 135
Gulshan-1 Dhaka-1212.
Phone: 9882800, Fax:9881245

স্মারক নং: ৮৭.৫১৪.৪২৬.০০.০০.০০০.২০১৬.৬২

তারিখ: ২৫.০৯.১৬ খ্রি.

ইনোভেশন কমিটির সভার কার্য বিবরণী

মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে প্রধান প্রকৌশলী, প্লানিং এন্ড ডিজাইন দপ্তরের কনফারেন্স রুমে ২৫.০৯.১৬ খ্রি. তারিখ বিকাল ৩টায় ডিপিডিসি'র ইনোভেশন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত এমপ্লয়ীগণ উপস্থিত ছিলেন:

০১. জনাব মো. রবিউল হাসান, মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), ডিপিডিসি।
০২. জনাব মো. আব্দুর রউফ খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিপিডিসি প্লানিং, ডিপিডিসি।
০৩. জনাব মো. কামরুল আহছান, উপমহাব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৪. জনাব মো. শামীমুল হক, ডিজিএম (এইচ আর), লিগ্যাল এ্যাফেয়ার্স, ডিপিডিসি।
০৫. জনাব মোহাম্মদ মহিউল আলম, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস রমনা, ডিপিডিসি।
০৬. জনাব মো. শাহেদ বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, মিটারিং (সেন্ট্রাল), ডিপিডিসি।
০৭. জনাব মো. মেহেদী হাসান, উপ-বিভাগীয় প্রকৌশলী, ডিজাইন সার্কেল, ডিপিডিসি।
০৮. জনাব মো. আরাফাত ইমতিয়াজ, সহকারী ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৯. জনাব অমিত কুমার দাস, উপ-সহকারী প্রকৌশলী, (গ্রীড নর্থ-২), ডিপিডিসি।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ডিপিডিসি'র ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনার বিষয় বস্তু	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত এমপ্লয়ি
০১.	মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি বিষয়ক ছক পূরণ	মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি বিষয়ক ছক পূরণ করে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মো. আরাফাত ইমতিয়াজ, সহকারী ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০২.	প্রধান কার্যালয়ে গ্রাহক অভিযোগ কেন্দ্র স্থাপন	প্রধান কার্যালয়ে গ্রাহক কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। গ্রাহক কন্ট্রোল রুমের যোগাযোগের তথ্যাদি স্থানীয় ক্যাবল চ্যানেলের স্ক্রলে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয় কর্তৃক যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা ডিপিডিসি'র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত কন্ট্রোল রুম পরিচালনা নীতিমালাও কর্তৃপক্ষ বরাবর উস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	জিএম (আইসিটি/টেকনিক্যাল), চীফ কো-অর্ডিনেশন অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক (প্রধান কার্যালয়ে গ্রাহক অভিযোগ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)।
		স্থাপনকৃত কন্ট্রোল রুমের জনবলের তথ্য বিদ্যুৎ বিভাগে ই-মেইলের মাধ্যমে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মো. আরাফাত ইমতিয়াজ, সহকারী ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
		কন্ট্রোল রুমে মাসে কতটি অভিযোগ গ্রহণ করা হচ্ছে ও কতটি অভিযোগ নিষ্পত্তি করা হচ্ছে তার তথ্যাদিও প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে ই-মেইলের মাধ্যমে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	

M. Islam

ক্রমিক নং	আলোচনার বিষয় বস্তু	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত এমপ্লয়ি
০৩.	ইনোভেশন টিমের সভা নিয়মিত আস্থান	ইনোভেশন টিমের প্রতিমাসে একটি সভা যথাসময়ে আয়োজন এবং সভার কার্য বিবরণী ২৪ ঘণ্টার মধ্যে বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামারের ই-মেইলে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জিএম (আইসিটি/ টেকনিক্যাল), (ইনোভেশন টিমের আস্থায়ক)
০৪.	ইউনিফাইড পিএমআইএস-এ ডাটা এন্ট্রি	ইউনিফাইড পিএমআইএস-এ ডাটা এন্ট্রির কাজ সমাপ্ত করা হয়েছে। উক্ত ডাটাতে তথ্যগত কোন ভুল থাকলে তা হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মো. রইছ উদ্দিন, ম্যানেজার (এইচ আর)
০৫.	ডিপিডিসি এমপ্লয়ীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা সংগ্রহ	ডিপিডিসি এমপ্লয়ীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা সংগ্রহ এবং সবচেয়ে ভাল ধারণাদাতাগণকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে একটি নীতিমালা ৭ দিনের মধ্যে প্রণয়ন করে কর্তৃপক্ষ বরাবর উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন কমিটির সকল সদস্য
০৬.	ডিপিডিসি'র কমপক্ষে একটি সেবা ই-সেবায় রূপান্তর করার মাধ্যমে সহজিকরণ	ডিপিডিসি'র গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে এ্যানড্রয়েড মোবাইলের মাধ্যমে বিদ্যুৎ বিল ও অন্যান্য তথ্য জানার জন্য একটি এ্যাপস তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া সেবাটি আরও সহজিকরণের লক্ষ্যে বিদ্যুৎ বিল ও পরিশোধের তথ্য এসএমএস এর মাধ্যমে গ্রাহককে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম (আইসিটি), রেভিনিউ / ডেভেলপমেন্ট

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

MR. RUISS
25/07/24

প্রকৌ. মো. রবিউল হাসান
মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল)
আইসিটি, এনার্জি এন্ড মিটারিং
ডিপিডিসি

বিতরণ:

০১. নির্বাহী পরিচালক (অ্যাডমিনিস্ট্রেশন এন্ড এইচ আর/ প্রকৌশল / অপারেশন / অর্থ), ডিপিডিসি।
০২. কোম্পানি সচিব / প্রধান প্রকৌশলী / মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
০৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
০৪. কমিটির সকল সদস্য জনাব
০৫. দপ্তর নথি / মাস্টার ফাইল।